

# জাগো রে সকার

নিজস্ব প্রতিনিধি— পঞ্চম সংস্করণের 'টাটা টি জাগো রে ইন্টার মিলান সকার স্টারস' চ্যাম্পিয়ন হয়েছে বি এন বিদ্যালয়। ৬০টি স্কুলকে নিয়ে কলকাতা অঞ্চলের খেলায় তারা আহরামপুর সাহারা বয়েজ স্কুলকে পরাজিত করেছে। মঙ্গলবার বিজয়ী ফুটবলারদের হাতে পুরস্কার তুলে দেন প্রাক্তন মোহনবাগান ফুটবলার শ্যামল বন্দ্যোপাধ্যায়। শিলংয়ে জাতীয় চ্যাম্পিয়নশীপে বি এন বিদ্যালয় দেশের ছয়টি শহরের ১৪টি বিজয়ী স্কুলের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করবে। উল্লেখ্য, অনূর্ধ্ব-১৫ এই ফুটবল প্রতিযোগিতাটি থেকে প্রতিভাবান ফুটবলার তুলে আনার কাজ করছে ইন্টার মিলান। দেশের ২৪০টি স্কুলের ২,৫০০ বেশি ফুটবলার এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।